দর্শনায় মাদক সেবনের দায়ে দুই যুবকের কারাদণ্ড

চুয়াডাঙ্গার দর্শনায় মাদক সেবনের অভিযোগে দুই ব্যক্তিকে গ্রেপ্তারের পর ডোপ টেস্টে মাদক গ্রহণের প্রমাণ পাওয়ায় তাদের কারাদণ্ড দিয়েছেন আদালত।

গতকাল মঙ্গলবার পৃথক সময়ে তাদের গ্রেপ্তার করা হয়। পরে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (সংক্ষিপ্ত বিচার আদালত) সংক্ষিপ্ত বিচারের মাধ্যমে তাদের সাজা দেন।

পুলিশ সূত্রে জানা যায়, চুয়াডাঙ্গার দর্শনা থানাধীন ঈশ্বরচন্দ্রপুর (ঈদগাহগাড়া) গ্রামের আব্দুর রহিমের ছেলে হাবিবুল্লাহ ওরফে হাবিব (২২)কে মঙ্গলবার সন্ধ্যা ৬টা ১০ মিনিটের দিকে গোপন সংবাদের ভিত্তিতে তার বাড়ির সামনে কাঁচা রাস্তা থেকে মাদক সেবনের অভিযোগে গ্রেপ্তার করা হয়। তাকে গ্রেপ্তার করেন দর্শনা থানার এসআই (নিঃ) আমানত উল্লাহ।

অপরদিকে, একই দিন রাত ৯টা ৩০ মিনিটের দিকে দর্শনা থানাধীন আকন্দবাড়িয়া নতুনপাড়া গ্রামের মৃত তোফাজ্জেল মাস্টারের ছেলে মো. সাইফুল ইসলাম স্বপন (৪১)কে দর্শনা বাসস্ট্যান্ড সংলগ্ন আড্ডা কফি হাউসের সামনে থেকে মাদক সেবনের অভিযোগে গ্রেপ্তার করা হয়। তাকে গ্রেপ্তার করেন দর্শনা থানার এসআই (নিঃ) মোল্যা আরিফুল ইসলাম।

পরে গ্রেপ্তার দুজনকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে ডোপ টেস্ট করা হলে উভয়ের রিপোর্ট পজিটিভ আসে। এরপর তাদের সংক্ষিপ্ত বিচারের জন্য সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (সংক্ষিপ্ত বিচার আদালত)-এর আদালতে হাজির করা হয়।

শুনানি শেষে আদালত হাবিবুল্লাহ ওরফে হাবিবকে তিন মাসের কারাদণ্ড ও ৫০০ টাকা জরিমানা, অনাদায়ে আরও সাত দিনের কারাদণ্ড এবং সাইফুল ইসলাম স্বপনকে চার মাসের কারাদণ্ড ও ১ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও সাত দিনের কারাদণ্ড দেন।

দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) নজরুল ইসলামের তত্ত্বাবধানে এবং চুয়াডাঙ্গার পুলিশ সুপার মোহাম্মদ রুহুল কবীর খানের সার্বিক

দিকনির্দেশনায় মাদকবিরোধী অভিযান অব্যাহত রয়েছে বলে জানিয়েছে পুলিশ।

আলমডাঙ্গায় মাদক সেবনের দায়ে ২ যুবকের কারাদণ্ড

আলমডাঙ্গা উপজেলায় মাদক সেবনের দায়ে দুই যুবককে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। আজ রবিবার সন্ধ্যায় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও ভ্রাম্যমাণ আদালতের বিচারক রেজওয়ানা নাহিদ এই সাজা দেন।

সাজা পাওয়া যুবকেরা হলেন উপজলার গোবিন্দপুর মন্ডলপাড়ার মৃত শমসের আলীর ছেলে মো. এমদাদুল হক (২৭) ও এরশাদপুর গ্রামের গোরস্থান পাড়ার মোহাম্মদের ছেলে মো. হাবিবুর রহমান বাবুল (২৯)।

সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ বলেন, আজ রবিবার বিকেল সাড়ে ৪ টার দিকে উপজেলার বন্ডবিল এলাকায় মাদকবিরোধী অভিযান চালানো হয়। অভিযানে মাদকদ্রব্য সেবনরত অবস্থায় ২ এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইঞ্জেকশনসহ হাতেনাতে এমদাদুল হককে আটক করা হয়। বুপ্রেনরফাইন ইঞ্জেকশন সেবনের দায়ে পৌর এলাকার গোবিন্দপুর মন্ডলপাড়া এলাকার মো. এমদাদুল হককে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ২০০ টাকা জরিমানা করা হয়। এছাড়া মো. হাবিবুর রহমান বাবুলকে গাঁজা সেবনের দায়ে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ২০০ টাকা জরিমানা, অনাদায়ে আরও তিন দিনের কারাদণ্ড দেওয়া হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে সার্বিক সহযোগীতা করেন চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের একটি দল।

মেহেরপুরে মাদক সেবন করে মাতলামি, তিনজনকে জেল

মেহেরপুর সদর উপজেলার বামনপাড়া এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করে তিন মাদক সেবিকে ১ মাসের করে কারাদণ্ড ও ১০০ টাকা করে অর্থদণ্ড করেছে মোবাইল কোর্ট।

দণ্ডিতরা হলেন, বামনপাড়া গ্রামের মধু খাঁর ছেলে আব্দুল গফুর, একই গ্রামের মনিরুল ইসলামের ছেলে সাইফুল ইসলাম ও আমদহ গ্রামের কাওছার আলীর ছেলে সুজন মিয়া।

বুধবার (১৩ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর সদর উপজেলার বামনপাড়া গ্রামে এ মোবাইল কোর্ট পরিচালনা করেন মেহেরপুর জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট রিফাত জাহান।

এর আগে মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রিফাত জাহানের নেতৃত্বে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা ওই তিনজনকে মাদক সেবন করে মাতলামি করা অবস্থায় আটক করেন। পরে মোবাইল কোর্টে বসিয়ে তাদের এ সাজা দেওয়া হয়।

জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রিফাত জাহান এই তথ্য নিশ্চিত করেছেন। দণ্ডিতদের সাথে সাথে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।